



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/10/2021

গভর্নর ক্যাথি হোচুল

আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে NYS-এর বিখ্যাত স্থানগুলো আলোকসজ্জায় সাজানো হবে বলে গভর্নর হোচুল ঘোষণা করেছেন

গভর্নর হোচুল আজ ঘোষণা করেছেন যে বিখ্যাত স্থানগুলি আজ 10 ডিসেম্বর, 2021 তারিখে নীল আলোয় আলোকিত করা হবে আন্তর্জাতিক মানবাধিকার দিবসের স্মারক হিসেবে -- যা প্রতি বছর 10 ডিসেম্বর উদযাপন করা হয় 1948 সালের বিশ্বজনীন মানবাধিকারের ঘোষণা অবলম্বনের স্মারক রূপে। এই মাইলফলক নথিটি একজন মানুষ হিসেবে, জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, ভাষা, রাজনৈতিক বা অন্যান্য মতামত বা সামাজিক উৎস, সম্পত্তি, জন্ম বা অন্য স্থিতি নির্বিশেষে প্রত্যেকে যে অবিচ্ছেদ্য অধিকারগুলি প্রাপ্য, তার ঘোষণা করে।

"ইলিয়েনর রুজভেল্ট - আমাদের রাজ্যের একজন মহানতম নাগরিক এবং বিশ্বজনীন মানবাধিকারের ঘোষণার পিছনে একজন চালিকা শক্তি - বলেন যে মানবাধিকার নিজের ঘরের কাছেই শুরু হয় এবং আমি এর সাথে আন্তরিকভাবে সম্মত," **গভর্নর হোচুল বলেন।** "নিউ ইয়র্ক মানবাধিকারের ক্ষেত্রে জাতির নেতৃত্ব দিয়ে চলেছে 1945 সাল থেকে, এবং গভর্নর হিসেবে, আমি নিশ্চিত করবো যে আমাদের রাজ্য যেন আসার আলো হয়ে থাকা অব্যাহত রাখে বিশ্বব্যাপী নিপীড়িতদের জন্ম।"

আন্তর্জাতিক মানবাধিকার দিবসের স্বীকৃতিতে যে সব বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স

- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- এম্পায়ার স্টেট প্লাজা

নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার মারিয়া এল.

ইম্পিরিয়াল বলেন, "একটি সমতপূর্ণ সমাজ তৈরি করে প্রত্যেকে লাভবান হতে পারেন। এটি টেবিলে মানুষদের একটি আসন পাইয়ে দেওয়ার বিষয় নয়। এটি সবার জন্য একটি নতুন টেবিল তৈরি করার বিষয়। মানবাধিকার বিভাগ প্রত্যেক ব্যক্তি যিনি নিউ ইয়র্ক স্টেটে বাস করেন, কাজ করেন, বা শিক্ষালাভ করেন তার জন্য সমান সুযোগ প্রদান করা নিশ্চিত করার জন্য আত্ম-নিবেদিত।"

নিউ ইয়র্কবাসীরা মানবাধিকার আইন সম্পর্কে আরো জানতে পারবেন বা পক্ষপাত ও বৈষম্যের সম্পর্কে জানাতে পারবেন নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগের সাথে যোগাযোগ করে 1-888-392-3644 নম্বরে কল করে বা <https://dhr.ny.gov> এ গিয়ে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)